গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.২০ তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ / ১১ মে ২০২৬

বিষয়: **বৃক্ষরোপণের জন্য অঞ্চলভিত্তিক বৃক্ষ প্রজাতির তালিকা প্রেরণ**
সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ০৬ মে ২০২৬ তারিখের ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০১.১৭.২১ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর সহায়ক হিসেবে 'টাস্কফোর্স'-এর ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী বৃক্ষরোপণের জন্য অঞ্চলভিত্তিক বৃক্ষ প্রজাতির তালিকা প্রেরণ করা হয়েছে। উক্ত তালিকা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ দপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহকে বিষয়টি অবহিতকরণসহ পত্রটির ছায়ালিপি পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বিবেচ্য সংযুক্তি:
১. TMED-এর পত্র
২. বৃক্ষ প্রজাতির তালিকা

**সংযুক্তিসমূহঃ**
(১) TMED-এর পত্র
(২) বৃক্ষ প্রজাতির তালিকা

১১-০৫-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), --------------- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, -------------।
২। অধ্যক্ষ (সকল), ------------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ---------------।
৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৪। অধ্যক্ষ (সকল), --------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, -----------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.২০/১ (৮) তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ / ১১ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের স দয় অবগতির জন্য)।

৪। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি র জন্য)।

৮। সংরক্ষণ নথি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১১-০৫-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০১.১৭.২১ তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

বিষয়: **বৃক্ষরোপণের জন্য অঞ্চল ভিত্তিক প্রজাতির তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং ২২.০০.০০০০.০৬৬.৩১.০০৪.২৬.১১৪; তারিখ: ২৬ এপ্রিল ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, সরকারের '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর সহায়ক হিসেবে 'টাস্কফোর্স'-এর ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী বৃক্ষরোপণের জন্য অঞ্চল ভিত্তিক বৃক্ষ প্রজাতির তালিকা প্রেরণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, বৃক্ষরোপণের জন্য অঞ্চল ভিত্তিক প্রজাতির তালিকা সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের কার্যবিবরণী

**সংযুক্তিঃ**

(১) পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের কার্যবিবরণী

০৬-০৫-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব
ফোন : ০২৫৫১০১৩৪৮
ইমেইল : sascordinet@tmed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক ((অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। পরিচালক(যুগ্মসচিব), পরিচালকের দপ্তর, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৪। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৫। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
৬। অধ্যক্ষ, অধ্যক্ষ-এর দপ্তর , বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৪২.৯৯.০০০১.১৭.২১/১ (৩) তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় [দৃ: আ: উপসচিব, বন অধিশাখা-১, বাংলাদেশ সচিবাল য়] ।
২। সচিবের একান্ত সচিব (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। অফিস, কপি।

০৬-০৫-২০২৬
ড. মো. মনিরুল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

বন অধিশাখা-১

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.moefcc.gov.bd

স্মারক নং: ২২.০০.০০০০.০৬৬.৩১.০০৪.২৬.১১৪ তারিখ ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

**বিষয়: বৃক্ষরোপণের জন্য অঞ্চল ভিত্তিক প্রজাতির তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: সরকারের '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর সহায়ক হিসেবে 'টাস্কফোর্স'-এর ১৩ এপ্রিল ২০২৬ তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের '০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সেল'-এর সহায়ক হিসেবে 'টাস্কফোর্স'-এর ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী বৃক্ষরোপণের জন্য অঞ্চল ভিত্তিক প্রজাতির তালিকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: অঞ্চল ভিত্তিক প্রজাতির তালিকা।

(তুষার কুমার পাল)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩১২
Email:forest1@moefcc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, রেলপথ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৬। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, নিউ এয়াররপোর্ট রোড, বনানী, ঢাকা।
১০। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং: ২২.০০.০০০০.০৬৬.৩১.০০৪.২৬.১১৪ তারিখ ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। প্রধান বন সংরক্ষক (ভারপ্রাপ্ত), বন অধিদপ্তর, ঢাকা।

D:\Arshad Forest (PC-2)\Letter Bangla-26.Page 97

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডায়েরী নং- ৩০২০
তারিখ 29 APR 2026
প্রশাঃ অধিঃ-১)
প্রশাঃ অধিঃ-২)
প্রশাঃ অধিঃ-৩)
স্বাক্ষর

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং:
তারিখ: ০৩.০৫.২০২৬
☑ উপসচিব/সি:সহ:সচিব (সমন্বয়)
☐ উপসচিব/সি:সহ:সচিব (প্রশাসন)
☐ সি:এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
☐ অন্যান্য
যুগ্মসচিব (প্রশাসন-৩) অধিশাখা

আনিসুল ইসলাম
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩। মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১।০৪।২০২৪

তুষার কুমার পাল
উপসচিব

# কোথায় কী গাছ লাগাবেন

সঠিক জায়গায় সঠিক প্রজাতির চারা রোপণ বনায়নের অন্যতম পূর্বশর্ত। স্থান ও গাছের বৈশিষ্ট্য বিচারে বাংলাদেশের বিভিন্ন স্থানে রোপণ উপযোগী বনজ গাছের নাম নিম্নে দেওয়া হলোঃ

পাহাড়ি বনভূমিতে রোপণ উপযোগী- গাছ

পাহাড়ের উপরিভাগঃ গর্জন, গামার, চম্পা, চিকরাশি, সিভিট, তেলসুর, উড়িআম, আমলকী, পাইন্যাগোলা, লুকলুকি, কনক, ধারমারা শিলভাদি, গুটগুটিয়া, ঝাউ, চিকরাশি ইত্যাদি।

**মধ্যঢাল থেকে পাদদেশ পর্যন্তঃ** গর্জন, গামার কালকড়ই, চাপালিশ, মেহগনি, শিলকড়ই, সেগুন, তেলসুর, চম্পা, সিভিট, শিমুল, ছাতিয়ান, জারুল, তেঁতুল, ঝাউ, ঢাকিজাম, পিতরাজ, কাইঞ্জলভাদি, তুন, বকুল, তেতুয়াকড়ই, লোহাকাঠ, চিকরাশি, বইলাম, টালি, বান্দরহোলা, তেজবহল, বাজনা, গুটগুটিয়া, উদাল, চালমুগরা, কন্যারী, পদুকা, চন্দুল, নারিকেলী, কামদেব, রক্তন, বাসক, ধারমারা হারগোজা, মুজ, রাতা, উড়িআম, রাবার, কাঁঠাল, লেবু, বেল, পেয়ারা, বর্তা, কাউ, গাব, কালজাম, হরিতকি, আমলকি, বহেরা, ওলটকম্বল, অর্জুন, বাঁশ, বেত ইত্যাদি।

**পাহাড়ি এলাকার নিচু ভূমি (যেখানে বছরের কোন না কোন সময় পানি থাকে):** জারুল, কদম, পুতিজাম, ডেপাজাম, কালজাম, পিটালী, ডুমুর, শিমুল, চাকুয়াকড়ই, কালকড়ই, বান্দরহোলা, মান্দার, হিজল, বট, অশ্বত্থ, জিগা, কাঞ্চন, বারিয়ালা বাঁশ, বেত ইত্যাদি।

রাস্তা ও সড়কের ধারে রোপণ-উপযোগী গাছঃ

সড়ক ও মহাসড়কঃ রেইনট্রি, রাজকড়ই, শিলকড়ই, কালকড়ই, শিশু, মেহগনি, অর্জুন, দেবদারু, ঝাউ, চিকরাশি, তেলসুর, বকুল, পলাশ, কৃষ্ণচূড়া, সোনালু, নিম, লোহাকাঠ, গামার, কাঁঠাল, জাম, জলপাই, আমড়া, কাঠবাদাম ইত্যাদি। পানি উঠে বা পানি জমে থাকে এরূপ জায়গায় জারুল, কদম, হিজল, জাম, মান্দার ইত্যাদি।

**ফিডার রোডঃ** শিশু, নিম, দেবদারু, চিকরাশি, চম্পা, গ্লিরিসিডিয়া, তুন, জাম, জাম্বুরা, বাবলা, খয়ের, সিন্দুরী, কাঁঠাল, বেল, তাল, খেজুর ইত্যাদি।

**সিটি রোডঃ** দেবদারু, তেলসুর, মেহগনি, নিম, চম্পা, নাগেশ্বর, কৃষ্ণচূড়া, পলাশ, সোনালু, বটল-পাম, ঝাউ, উইপিং দেবদারু, বটল-ব্রাশ, এরিকা-পাম, কামিনি, চেরী, জারুল, সিন্দুরী, জবা, গন্ধরাজ, বাগান বিলাস, মোসেন্ডা, থুজা, অশোক, রাধাচূড়া ইত্যাদি।

রেল লাইনঃ তাল, খেজুর বাবলা, খয়ের, সিন্দুরী, রাজকড়ই, চাপালিশ, তেলসুর, নিম, চিকরাশি ইত্যাদি। পানি জমে এরূপ জায়গায় জারুল, হিজল, তমাল, কদম, ছাতিয়ান, জাম, মান্দার ইত্যাদি।

**বাঁধের ধারঃ** তাল, খেজুর, বাবলা, খৈয়া বাবলা, পুনিয়াল, নারিকেল, ঝাউ, বাঁশ, জারুল, মান্দার, জাম, কদম, চিকরাশি, নিম, শীল কড়ই, রাজকড়ই ইত্যাদি।

**বিল এলাকায় (যেখানে বছরের ২-৩ মাস পানি জমে থাকে) রোপণ-উপযোগী গাছ**

হিজল, করচ, বিয়াস, পিটালী, জারুল, মান্দার, বরুন, পলাশ, কদম, চালতা, পুতিজাম, ডেপাজাম, পিতরাজ, অর্জুন, আম ইত্যাদি।

বসতবাড়ীর আশে পাশে রোপণ-উপযোগী গাছঃ

নিম, আম, জাম, কাঁঠাল, পেয়ারা, বেল, আমড়া, নারিকেল, তাল, খেজুর, লটকন, কাউ, সজিনা, বকফুল, সুপারি, লিচু, জাম্বুরা, জলপাই, বেলেম্বু, কামরাঙ্গা, ডালিম, কুল, লেবু, তেজপাতা, দারুচিনি, বিলাতিগাব, সফেদা, কলা, পেঁপে, তুন, শিলকড়ই, গামার, কদম, বাসক, মুলিবাঁশ, বাঁশ ইত্যাদি। বর্ষার পানি জমে থাকে এমন জায়গায় কদম, ছাতিয়ান, জারুল, পিটালী, বরুন, জাম ইত্যাদি।

**শিক্ষা প্রতিষ্ঠান, অফিস, হাসপতাল, ধর্মীয় প্রতিষ্ঠান প্রাঙ্গনে রোপণ-উপযোগী গাছ**

নিম, নারিকেল, তাল, কাঠবাদাম, আম, জাম, কাঁঠাল, পেঁয়ারা, জাম্বুরা, গাব, লিচু, কাউ, জলপাই, চম্পা, মেহগনি, তেলসুর, জারুল, সোনালু, পলাশ, কৃষ্ণচূড়া, কামিনি, বকুল, অশোক, নাগেশ্বর, উইপিং দেবদারু, দেবদারু, বটল-ব্রাশ, বটল-পাম, অরোকেরিয়া, থুজা ইত্যাদি।

পুকুর পাড়ে রোপণ-উপযোগী গাছ

নারিকেল, তাল, সুপারি, খেঁজুর, পেঁয়ারা, জাম্বুরা, লেবু, আম, কাঁঠাল, জাম, বাঁশ ইত্যাদি।

**শিল্প অঞ্চলে রোপন-উপযোগী গাছ**

মেহগনি, নিম, তেলসুর, নারিকেল, তাল, বকুল, নাগেশ্বর, দেবদারু, গাব, উইপিং দেবদারু, রাজকড়ই, পলাশ, কৃষ্ণচূড়া, থুজা, অরোকেরিয়া, অশোক ইত্যাদি।

**হাট-বাজারে রোপণ-উপযোগী গাছ**

বট, অশ্বথ, তেতুঁল মেহগনি, কাঠবাদাম, রেইনট্রি, নিম ইত্যাদি।

**কবরস্থান ও শশ্মশানে রোপণ-উপযোগী গাছ**

কাঁঠাল, আম, মেহগনি, বকুল, পলাশ, কৃষ্ণচূড়া, নাগেশ্বর শিমুল, বট, দেশিগাব, অশ্বথ, বেল, চম্পা, ঝাউ, বটল-ব্রাশ, বটল-পাম, অরোকেরিয়া, সোনালু, পাতাবাহার, রঙ্গন, থুজা, কামিনি, সুপারি, রাজকড়ই, বাঁশ ইত্যাদি।

**ক্ষেতের আইলে রোপণ-উপযোগী গাছ**

তাল, খেজুর, সুপারি, বাবলা, খয়ের, বকাইন, বকফুল, ধৈঞ্চা, মান্দার, জিগা ইত্যাদি।

**উপকূলীয় নতুন চরে রোপণ-উপযোগী গাছ**

কেওড়া, বাইন, কাকড়া, গরান, গোলপাতা ইত্যাদি।

**উপকূলীয় এলাকায় জেগে উঠা উচু চর (যেখানে ম্যানগ্রোভ জন্মে না)**

বাবলা, ঝাউ, সনবলই, সাদাকড়ই, কালাকড়ই, জারুল, রেইনট্রি ইত্যাদি।

**নদী বক্ষে জেগে উঠা নতুন চরে রোপণ-উপযোগী গাছ**

ঝাউ, লোনা-ঝাউ, পিটালী, করচ, পানিবিয়াস, জারুল ইত্যাদি।